২

দৈনিক বাংলা

তারিখ ... 17 APR 1997 ...
পৃষ্ঠা ২ কলাম ৭

# ঢাকা-এডিবি ১০ কোটি ডলারের প্রাথমিক শিক্ষা প্রকল্প ঋণ আলোচনা সমাপ্ত

বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে ১০ কোটি ডলারের দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্প সংক্রান্ত ঋণ আলোচনা শুক্রবার ম্যানিলায় সাফল্যজনকভাবে সম্পন্ন হয়েছে। ঢাকায় প্রাপ্ত এক বার্তায় এ তথ্য জানা গেছে। খবর বাসস'র।

সরকারের প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি)-এর সমর্থনে এটা প্রথম আন্তর্জাতিক চুক্তি। এতে দেশে প্রাথমিক শিক্ষার উন্নয়নে সার্বিক উন্নয়নের ওপর জোর দেয়া হয়েছে।

আলোচনাকালে ব্যাংক প্রাথমিক শিক্ষা বিশেষ করে মেয়ে-শিশুদের শিক্ষা-কে সরকার যে উচ্চ প্রাধান্য দিয়েছে এবং ব্যাংকের আর্থিক সহায়তায় প্রথম প্রাথমিক শিক্ষা প্রকল্পের সফল বাস্তবায়নে যেসব পদক্ষেপ নিয়েছে তার প্রশংসা করেন।